যুগান্তর

তারিখ ... 28 JUN 2007 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ১ ...

# যথাযথ শিক্ষার মাধ্যমে মানবসম্পদের উন্নয়ন ঘটাতে হবে

—রাষ্ট্রপতি

মুন্সীগঞ্জ প্রতিনিধি

রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহমেদ বলেছেন, পরিবর্তিত বিশ্বব্যবস্থায় আমাদের আজ প্রয়োজন মানবসম্পদ উন্নয়ন। যথাযথ শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে কেবল তা সম্ভব। তাই শিক্ষাক্ষেত্রে আমাদের আন্তর্জাতিক মান অর্জন করতে হবে।

গতকাল মুন্সীগঞ্জে 'প্রেসিডেন্ট প্রফেসর ড.

উন্নয়ন : পৃষ্ঠা ১০ : কলাম ২

## উন্নয়ন : মানব সম্পদের

(শেষ পৃষ্ঠার পর)

ইয়াজউদ্দিন আহম্মেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজের' উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, বিশ্বায়নের এই যুগে বিচ্ছিন্ন থেকে এককভাবে আমাদের পক্ষে জাতীয় উন্নয়ন করা সম্ভব নয়। এ জন্য অন্যান্য দেশের সঙ্গে তাল মিলিয়ে চলতে হবে, আমাদের আন্তর্জাতিক ভাষা ইংরেজিসহ অন্যান্য প্রযুক্তি শিক্ষায় দক্ষতা অর্জন করতে হবে।

জেলা প্রশাসক এ কলেজ পরিচালনা কমিটির সভাপতি মোঃ মনিরউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন ইব্রাহিম মেমোরিয়াল ট্রাস্টের সভাপতি রাষ্ট্রপতির পত্নী ড. আনোয়ারা বেগম, শিক্ষা সচিব মমতাজুল ইসলাম, সরকারি হরগঙ্গা কলেজের অধ্যক্ষ মহিউদ্দিন মিয়াজী ও কলেজের অধ্যক্ষ মেজর খন্দকার ফরহাদ হোসেন। অনুষ্ঠানে মেধাবী দরিদ্র ছাত্রছাত্রীদের মাঝে বৃত্তির অর্থ দেয়া হয়। রাষ্ট্রপতি কলেজকে ১৬ লাখ টাকার একটি চেক দেন।

রাষ্ট্রপতি বেলা ১১টায় হেলিকপ্টারযোগে এসে মুন্সীগঞ্জ স্টেডিয়াম থেকে সরাসরি নয়াগাঁওয়ের পারিবারিক কবরস্থানে গিয়ে কবর জিয়ারত করেন। পরে তিনি জেলা শিল্পকলা একাডেমী, শহীদ মুক্তিযোদ্ধাদের নাম সংবলিত স্মৃতিফলক ও সুইমিংপুলের ফলক উন্মোচন করে উদ্বোধন করেন।